

পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী সমিতিসমূহের

রাজ্য কো-অর্ডিনেশন কমিটি

কেন্দ্রীয় অফিস :

“কর্মচারী ভবন”

১০এ, শাঁখারীটোলা স্ট্রীট

কলকাতা - ৭০০ ০১৪

ফোন : ২২৬৫-০৯২৬/২২৬৪-৯৫৯৩

ফ্যাক্স নং : ০৩৩-২২১৭-৫৫৮৮

e-mail : stcoorco@bsnl.in

তারিখ : ১৫/১০/২০১৫

পত্র নং : কো-অর্ডি- ৬৮ / ১৫

সাধারণ সম্পাদক

সমিতি/ এসোসিয়েশন/ ইউনিয়ন

সম্পাদক

জেলা / অঞ্চল

প্রিয় সাথী,

আগামী ২১-২২ নভেম্বর, ২০১৫ সংগঠনের রাজ্য কাউন্সিল সভা অনুষ্ঠিত হবে। বর্তমান পরিস্থিতিতে এই রাজ্য কাউন্সিল সভা খুবই গুরুত্বপূর্ণ। ২ সেপ্টেম্বর, ২০১৫ সংঘটিত ধর্মঘট, সংগঠন, পরিস্থিতি ও আগামী কর্মসূচী নিয়ে বিশ্লেষণাত্মক, বিস্তারিত আলোচনা অস্তে রাজ্য কাউন্সিল উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। উক্ত আলোচনা সাফল্যের সাথে করার জন্য নিম্নলিখিত তথ্য সমূহ / বিশেষ বিবরণ রাজ্য কাউন্সিলের পূর্বে অর্থাৎ আগামী ৫ নভেম্বর, ২০১৫-র মধ্যে কেন্দ্রে প্রেরণ করতে হবে।

ক) ধর্মঘটে অংশগ্রহণের সমিতিগত তথ্য (তালিকাসহ)

খ) সমিতিগত সদস্যভুক্তির সর্বশেষ প্রাপ্ত চিত্র (অঞ্চল / জেলা ভিত্তিক পরিসংখ্যান)

গ) সংগঠন তহবিল ১৫-র পূর্ণাঙ্গ তথ্যসহ হিসাব কেন্দ্রীয় কমিটিকে নভেম্বর মাসের মধ্যে জমা

দিতে হবে (রসিদ বই সহ)। এ ব্যাপারে সর্বশেষ চিত্র;

ঘ) চুক্তিতে নিযুক্ত প্রোজেক্ট / স্কীম অনুযায়ী দপ্তর ভিত্তিক কর্মচারীর সংখ্যা, তাঁদের প্রাপ্ত মজুরীসহ অন্যান্য সুযোগ সুবিধাদির বিবরণ (জেলা / অঞ্চল ধরে);

ঙ) সংগঠনের মুখপত্রসমূহের গ্রাহকভুক্তির সর্বশেষ তথ্যাবলী;


চ) আগামী কর্মসূচী সম্পর্কে সুপারিশ

এছাড়া সমিতিগুলির আসন্ন রাজ্য সম্মেলন সাফল্যের সঙ্গে সংগঠিত করার জন্য প্রয়োজনীয়

ভূমিকা পালনে কার্যকর উদ্যোগ নিতে হবে।

শ্রমজীবী জনগণের জরুরী ও জ্বলন্ত দাবীতে আত্মত্যাগ এবং ঐক্যবদ্ধ ও সর্বাঙ্গিক ভাবে প্রতিপালিত ধর্মঘটের দিন “স্পেশাল ক্যাজুয়াল লিভ” হিসাবে রাজ্য সরকার ঐদিন কাজে যোগ দেওয়া কর্মচারীদের জন্য বরাদ্দ করেছেন। এই ছুটির বিরোধিতা করে কর্মচারীরা যাতে ঐ ছুটি না নেন সে ব্যাপারে সংগঠনকে তৎপর হতে হবে এবং কর্মচারীদের এই অনৈতিক সুযোগ থেকে বিরত রাখার জন্য সাংগঠনিক প্রয়াস জারি রাখতে হবে।

সংগ্রামী অভিনন্দনসহ



(মনোজ কান্তি গুহ)

সাধারণ সম্পাদক